দেরি হয়ে যায়

তোমার জন্য লিখতে কেবলি দেরি হয়ে যায়
তোমার আসরে যেতে দিনক্ষণ ভুল করে ফেলি
নিজেই লজ্জিত হই, শূন্য মনে বসে থাকি ঘরে।
তোমার গানের জন্য প্রতিদিন প্রতীক্ষা আমার।
তোমাকে দেখেছি দূরে শহরের মঞ্চে প্রেক্ষাঘরে
কখনো তোমাকে দেখি ছায়াঘেরা আশ্রমের পথে
ভোরের ভৈঁরো শুনি, অপরাহে কণ বেহাগ
তুমি গাইছো অনন্ত নির্ঝর সুরে রবিগান।
তোমার জন্য লিখতে এত দেরি, অবিশ্বাস্য লাগে
ঝরণাতলায় পাতা কলসি থেকে উপচে পড়ে জল
ওরাও নিবিষ্ট শ্রোতা, বাতাসের শরীরে থাকে গান
শাখা প্রশাখাও জানে, তুমি তাকে ভরে দাও সুরে,
তোমাকেই সমর্পণ পংক্তিগুলি আপ্লুত হৃদয়ে
লাবণ্যে করেছো পূর্ণ, একই সুরে বাধা আছে প্রাণ।

কৃষ্ণ ধর

সৃষ্টিসন্ধান